



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/১৬৫৭৮

তারিখঃ ৭/০২/২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত প্রতিবেদনের সঠিকতা যাচাই প্রসঙ্গে।

- সূত্র : ১) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৯০৪/৩; তারিখঃ ২৭/১২/২০১৬খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৭৭০/৩; তারিখঃ ০১/১২/২০১৬খ্রিঃ
৩) স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০২-১৬-৫০২; তারিখঃ ২৯/০৯/২০১৬খ্রিঃ
৪) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৫১৩/৩; তারিখঃ ২৫/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলাধীন চর বারইটারী সিনিয়র মাদরাসার গভার্ণিং বডি'র শিক্ষক প্রতিনিধি-০৩ জন ও অভিভাবক সদস্য-০৩ জন বিভিন্ন কারণে স্বেচ্ছায় পদত্যাগ পত্র প্রদান করায় বিদ্যমান গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সূত্রোক্ত ৩নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডি'র ০৬ জন সদস্যের পদত্যাগের বিষয়টি প্রমানিত হয়েছে।


তদন্ত প্রতিবেদনের আলোকে গভার্ণিং বডি'র সদস্যগণের পদত্যাগ জনিত কারণে নিয়মিত সভা অনুষ্ঠানের কোরাম না থাকায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ২নং স্মারকে অধ্যক্ষ ও সভাপতিকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি কোন জবাব দাখিল করেননি। ভারপ্রাপ্ত সুপার এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদনপত্র দাখিল করেন।

পরবর্তীতে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৫১৭/২/নথি নং- কুড়ি-০৯; তারিখঃ ১৫/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি সূত্রে উল্লিখিত ১নং স্মারকে ভেঙ্গে দেয়া হয়।

অপরদিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে “স্বাক্ষর জাল জালিয়াতি করে ভূয়া পদত্যাগপত্র তৈরি, বোর্ডের পত্র গোপন করে উপজেলা নির্বাহী অফিসার এর স্বাক্ষর জাল করে ভূয়া স্মারকের প্রতিবেদন বোর্ডে দাখিল করেছেন” মর্মে উল্লেখ করে বোর্ড কর্তৃক গভার্ণিং বডি'র সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি ভেঙ্গে দেয়া সংক্রান্ত সূত্র ১নং স্মারক পত্রটি বাতিল করার জন্য কমিটির সদস্যবৃন্দ আবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তাঁর কার্যালয় কর্তৃক সূত্রোক্ত ৩নং স্মারকে প্রেরিত প্রতিবেদনটির সঠিকতা যাচাই পূর্বক মতামতসহ বোর্ডকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেকঃ তদন্ত প্রতিবেদনসহ মোট(.....) পাতা।


১.২.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/

তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং: ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০২-১৬-৫০২,

বিষয়ঃ তদন্ত প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৫১৩/৩
তারিখঃ ২৫/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভূরঙ্গামারী উপজেলাধীন চর বারইটারী সিনিয়র মাদ্রাসার গভর্নিং বডির ০৬ জন সদস্য বিভিন্ন কারণে স্বেচ্ছায় পদত্যাগ করার বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী স্বয়ং ২৯/০৯/২০১৬খ্রিঃ তারিখে তদন্তের লক্ষ্যে মাদ্রাসায় উপস্থিত হয়ে তদন্ত করি। তদন্তকালে মাদ্রাসার শিক্ষকবৃন্দ ও গভর্নিং বডির সদস্যবৃন্দকে উপস্থিত পাই। পদত্যাগকারী সদস্যগণের সাথে এবং উপস্থিত অন্যান্যদের জিজ্ঞাসাবাদ ও আলোচনা কালে পদত্যাগের বিষয়টি সত্য হিসাবে প্রতীয়মান হয়।

পদত্যাগ কারীগণের তথ্য

ক্র:নং	সদস্যগণের নাম	ক্যাটাগরী	মন্তব্য
০১	মোঃ ইদ্রিস আলী	অভিভাবক	পদত্যাগ পত্র প্রদান
০২	মোঃ সাইফুর রহমান	অভিভাবক	পদত্যাগ পত্র প্রদান
০৩	মোঃ ফজলুল হক	অভিভাবক	পদত্যাগ পত্র প্রদান
০৪	মোঃ রেজাউল করিম	শি: প্রতিনিধি	পদত্যাগ পত্র প্রদান
০৫	মোঃ আব্দুল্লাহ	শি: প্রতিনিধি	পদত্যাগ পত্র প্রদান
০৬	মোছা: আনজুমান আরা	শি: প্রতিনিধি	পর পর ৫ সভায় অনুপস্থিত

এমতাবস্থায় পদত্যাগকারীগণের পদত্যাগ পত্র অনুমোদন পূর্বক বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

প্রাপক,
রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশী বাজার, ঢাকা।

(মোঃ আজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।

ফোন: ০৫৮-২২-৫৬০২৫ (অঃ)

২২/৭/১৬